উমর (রাদিঃ) বললেন: হ্যাঁ, তবে সে ভঙ্গ করেছে, আপনার বিরুদ্ধে আপনার শত্রুদেরকে সাহায্য করেছে। [ফাতহুল বারী, খন্ড:৪, পৃষ্ঠা:৬৩৪, মুসনাদু আবী ই'য়লা, হাদীস নং:৩৯৭, খন্ড:১, পৃষ্ঠা:৩১৬]

এর থেকে স্পষ্টভাবে বুঝে আসে উমর (রাদিঃ) মুসলমানদের বিরুদ্ধে কাফেরদেরকে সাহায্য করাকে কুফর ও রিদ্দাহ মনে করতেন। কেননা বিষয়টি যদি কুফর ও রিদ্দাহ না হয়ে অন্য কোন অপরাধ হতো তাহলে তিনি হাতিব বিন আবী বালতা'আ (রাদিঃ) কে কখনই হত্যা করতে উদ্যত হতেন না। এবং এটা তার জন্য বৈধও ছিলো না।

দ্বিতীয়ত: মুসলমানদের বিরুদ্ধে কাফেরদেরকে সাহায্য করা কুফর ও রিদ্দাহ না হলে, উমর (রাদিঃ) যখন তাকে মুনাফিক বললেন, তিনি কুফরী করেছেন বললেন, তাঁর গর্দান উড়িয়ে দিতে চাইলেন তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নিশ্চিত বলতেন, এমন অপরাধের কারণে কেন তুমি মুসলমান কাফের হয়ে গেছে বলছো, মুসলমানকে হত্যা করতে চাচ্ছো - যা কুফর বা রিদ্দাহ নয়। কেননা কোন নবীর পক্ষে সম্ভবপর নয় তিনি কোন ভুল বা অন্যায় সামনা-সামনি দেখেও সে ব্যাপারে কিছু না বলে চুপ থাকবেন। এখানে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উমর (রাদিঃ) এর মতকে ভুল সাব্যস্ত না করে হাতিব বিন আবী বালতা'আ (রাদিঃ) এর বিষয়টি উত্থাপিত করলেন। তার ক্ষেত্রে কেন এই হুকুম প্রযোজ্য হবে না তার কারণ বর্ণনা করলেন, 'সে তো বদরী সাহাবী, আল্লাহ তা'আলা তার পূর্বা-পর সকল গুনাহ ক্ষমা করে দিয়েছেন, (অপর রেওয়ায়েতে এসেছে তিনি বলেছেন) এদের জন্য তো জান্নাত ওয়াজিব।' যদি এমনটি না হতো তাহলে তিনি বলতেন, তুমি যে মত ব্যক্ত করছো সে মতটি কারো ক্ষেত্রেই সঠিক নয় [চাই সে বদরী হোক বা না হোক]।

হাতিব বিন আবী বালতা'আ (রাদিঃ) কি লিখেছিলেন সেই চিঠিতে?

হাফেজ ইবনে হাজার আসকালানী (রহঃ) বর্ণনা করেন, চিঠির শব্দগুলো ছিল-

أما بعد يا معشر قريش فإن رسول الله صلى الله عليه و سلم جاءكم بجيش كالليل يسير كالسيل فوالله لو جاءكم وحده لنصره الله وأنجز له وعده فانظروا لأنفسكم والسلام

ওহে কুরাঈশ বাসী! আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার সৈনিকদেরকে নিয়ে ধেয়ে আসছেন অন্ধকার রাত্রির ন্যায়, যার গতি হলো সমুদ্রের ঢেউয়ের ন্যায়। সুতরাং আল্লাহর শপথ তিনি যদি একাও তোমাদের বিরুদ্ধে আসেন অবশ্যই আল্লাহ তা'আলা তাকে সাহায্য করবেন। তাকে প্রদত্ত প্রতিশ্রুতি পূর্ণ করবেন। সুতরাং তোমরা নিজেদের ব্যাপারটি ভেবে দেখ। শেষ করলাম। [ফাতহুল বারী, খন্ড:৭, পৃষ্ঠা:৫২০]

ওকিদী (রহঃ) তার প্রসিদ্ধ কিতাব 'আল-মাগাজী'তে ইকরিমা (রাদিঃ) এর একটি রেওয়ায়েত উল্লেখ করেন, সেই রেওয়ায়েত অনুযায়ী তার চিঠির বাক্যগুলো ছিল এই:

إنّ رَسُولَ اللّهِ قَدْ أَذّنَ فِي النّاسِ بِالْغَزْوِ وَلَا أُرَاهُ يُرِيدُ غَيْرَكُمْ وَقَدْ أَحْبَبْت أَنْ تَكُونَ لِي عِنْدَكُمْ يَدٌ بِكِتَابِي إلَيْكُمْ

আল্লাহর রাসূল মানুষের মাঝে যুদ্ধের ঘোষণা দিয়ে দিয়েছেন। আমার মনে হচ্ছে এবার তাঁর উদ্দেশ্য হলো তোমরাই। আর আমি ভাল মনে করেছি এ চিঠি পাঠানোর মাধ্যমে তোমাদের কাছে আমার একটি মূল্যায়ন থাকুক। [আল-মাগাযী, খন্ড:১, পৃষ্ঠা:৭৯৯]

একটি সংশয়: হাতিব বিন আবী বালতা'আ (রাদিঃ) মক্কার মুশরিকদেরকে সাহায্য করার পদক্ষেপ নেবার পরও যেহুতু তার উপর কুফরের হুকুম সাব্যস্ত হচ্ছে না তাহলে অন্য কেউ যদি অন্য কোন ভাবে মুসলমানদের বিরুদ্ধে কাফেরদেরকে সাহায্য করে তাহলে তার উপর কেন কুফর ও রিদ্দাহর হুকুম বর্তাবে?

যে কারণে হাতিব (রাদিঃ) এর উপর উপরোক্ত হুকুম বর্তায়নি:

'মুসলমানদের বিরুদ্ধে কাফেরদেরকে সাহায্য করা কুফর ও রিদ্দাহ' এটি উম্মাতের ঐকমত্যের ভিত্তিতে প্রতিষ্ঠিত একটি মাসআলা এ ব্যাপারে কোন সন্দেহের আবকাশ নেই। যদি এমনটি হয়ে থাকে তাহলে হাতিব (রাদিঃ) এর ক্ষেত্রে এ হুকুম প্রযোজ্য হলো না কেন?

এর উত্তরটি দু'ভাবে দেয়া যায়:

১. তার উপরোক্ত কাজ মুসলমানদের বিরুদ্ধে কাফেরদেরকে সাহায্যের অন্তর্ভূক্ত ছিল না।

হাতিব (রাদিঃ) না কাফেরদের পক্ষ নিয়ে মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধ করেছেন না তাদেরকে মাল দিয়ে সাহায্য করেছেন। কাফেরদেরকে এমন কোন তথ্য জানানোও তার উদ্দেশ্য ছিল না যা দ্বারা তারা লাভবান হবে। তিনি তো মুশরিকদের বিরুদ্ধে পূর্ব থেকে যুদ্ধ চালিয়ে আসছিলেন এবং উক্ত যুদ্ধেও তাদের বিরুদ্ধেই বের হয়েছিলেন। সুতরাং তার এ কাজ সে পর্যায়ের ছিল না যাকে কুফরের অন্তর্ভূক্ত করা যায়। তবে তার এ কাজটি কুফরের সাথে সাদৃশ্যপূর্ণ ছিল। তাই উমর (রাদিঃ) তাঁকে মুনাফিক ভেবেছিলেন ও হত্যা করতে উদ্যত হয়ে ছিলেন।

২. তার উপরোক্ত কাজ মুসলমানদের বিরুদ্ধে কাফেরদেরকে সাহায্যের অন্তর্ভূক্ত ছিল, তবে.....!!!

যদি ধরেও নেয়া হয় তার এ কাজ মুসলমানদের বিরুদ্ধে কাফেরদেরকে সাহায্যের অন্তর্ভূক্ত ছিল, তথাপি এটা দ্বারা এ প্রমাণ পেশ করা সম্ভব নয় যে মুসলমানদের বিরুদ্ধে কাফেরদেরকে সাহায্য কুফর ও রিদ্দাহ নয়। কেননা সে ক্ষেত্রে তার উপর হুকুম না বর্তানোর কারণ হলো তার মাঝে موانع الكفر বিদ্যমান ছিল (এমন কিছু বিষয়, কোন ব্যক্তির থেকে যদি কুফর প্রকাশ পায় আর তার কোন একটিও ঐ ব্যক্তির মাঝে বিদ্যমান থাকে তাহলে কুফরের বিধান তার ক্ষেত্রে প্রযোজ্য হবে না)।

[ক] তার জানা ছিল না এতটুকু কাজও কুফরের অন্তর্ভূক্ত হতে পারে। যেমনটি তিনি নিজেই বলেন:

وَمَا فَعَلْتُ ذَلِكَ كُفْرًا وَلَا ارْتِدَادًا عَنْ دِينِي وَلَا رِضًا بِالْكُفْرِ بَعْدَ الْإِسْلَامِ

আমি তো এটি কুফরী হিসাবে অথবা দ্বীন ত্যাগ করতে বা ইসলামের পর পুনরায় কুফরের প্রতি সন্তুষ্ট হয়ে করিনি।

অপর একটি সহীহ রেওয়ায়েতে এসেছে, যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে জিজ্ঞাসা করলেন তুমি কেন এমনটি করলে? প্রত্যুত্তরে তিনি বললেন:

أَمَا وَاللَّهِ إِنِّي لَنَاصِحٌ لِلَّهِ وَرَسُولِهِ ،

“আল্লাহর শপথ আমি আল্লাহ ও তাঁর রাসূলের ব্যাপারে কল্যাণকামী।”

[খ] তিনি এ ক্ষেত্রে মুওাউয়িল ছিলেন, তার ইজতিহাদ ছিল এর দ্বারা মুসলমানদের কোন ক্ষতি হবে না, তাই এই সাহায্য কুফরের অন্তর্ভূক্ত হবে না।

তিনি বলেন:

فَكَتَبْتُ كِتَابًا لاَ يَضُرُّ اللَّهَ وَرَسُولَهُ شَيْئًا

“আমি তো এমন চিঠি লিখেছি যা আল্লাহ ও তাঁর রাসূলের কোন ক্ষতি করবে না।”

[আল-মুসতাদরিক আলাস সহীহাইন, হাদীস নং:৬৯৬৬, খন্ড:৪, পৃষ্ঠা:৮৭; আল-জাম‘য়ূ বাইনাস সহীহাইন, হাদীস নং:৮৫, খন্ড:১, পৃষ্ঠা:৬৫]

অপর রেওয়ায়েতে এসেছে তিনি বলেছেন:

قَدْ عَلِمْتُ أَنَّ اللَّهَ مُظْهِرٌ رَسُولَهُ وَمُتِمٌّ لَهُ أَمْرَهُ

আর আমি জানি নিশ্চয় আল্লাহ তা’আলা তার রাসূলকে সাহায্য করবেন, এবং তার বিষয়টিকে পূর্ণতা দান করবেন। [মুসনাদে আহমাদ, খন্ড:২৩, পৃষ্ঠা:৯১]

হাফিজ ইবনে হাজার আসকালানী (রহঃ) বলেন:

فإنه صنع ذلك متأولا أن لا ضرر فيه

তিনি এমনটি করেছিলেন এই ব্যাখ্যা করে (মনে করে) যে তাতে কোন সমস্যা নেই। [ফাতহুল বারী, খন্ড:৮, পৃষ্ঠা:৬৩৪]

এ ছাড়াও উপরোক্ত হাতিব (রাদিঃ) এর ঘটনাটিকে ইমাম বুখারী (রহঃ) যে অধ্যায়ে নিয়ে এসেছেন তা হলো: [ما جاء في المتأولين] তাবীলকারীদের ব্যাপারে বর্ণিত হাদীস। যা প্রমাণ করে তিনি তাকে মুওাউয়িলদের অন্তর্ভূক্ত মনে করতেন।

আর তার পরিবার-পরিজন মুশরিকদের মাঝেই ছিল, তিনি কুরাঈশ বংশের না হওয়ার কারণে তার এমন কোন নিকটাত্মীয় ছিল না যারা তাদের দেখাশোনা করবে। তাই তিনি তাদের ব্যাপারে আশংকাগ্রস্ত ছিলেন যে তারা না এদের কোন ক্ষতি করে বসে। তাই তিনি নিজে নিজে এমন এক পদ্ধতি বেছে নিতে চেয়েছিলেন, যার দ্বারা দ্বীনেরও কোন ক্ষতি হবে না আর তার পরিবারেরও কিছুটা লাভ হবে। যেমনটি তিনি উল্লেখ করেছেন:

وَلَكِنْ كُنْتُ غَرِيبًا فِي أَهْلِ مَكَّةَ ، وَكَانَ أَهْلِي بَيْنَ ظَهْرَانَيْهِمْ فَخِفْتُ عَلَيْهِمْ ، فَكَتَبْتُ كِتَابًا لاَ يَضُرُّ اللَّهَ وَرَسُولَهُ شَيْئًا ، وَعَسَى أَنْ تَكُونَ فِيهِ مَنْفَعَةٌ لأَهْلِي

আমি ছিলাম মক্কাবাসীদের মাঝে আগন্তুক এক ব্যক্তি। আমার পরিবার তাদের মাঝেই বসবাস করতো, আর আমি ছিলাম তাদের ব্যাপারে আশংকাগ্রস্ত তাই আমি এমন চিঠি লিখেছি যা আল্লাহ ও তাঁর রাসূলের জন্য কোন ক্ষতির কারণ হবে না। আর আমার আশা ছিল এর দ্বারা আমার পরিবার হয়তো কিছুটা উপকৃত হবে। [আল-মুসতাদরিক আলাস সহীহাইন, হাদীস নং:৬৯৬৬, খন্ড:৪, পৃষ্ঠা:৮৭; আল-জাম‘য়ূ বাইনাস সহীহাইন, হাদীস নং:৮৫, খন্ড:১, পৃষ্ঠা:৬৫]

[গ] তার জীবনের পূর্বা-পর সকল গুনাহ ক্ষমা করা হয়েছিল:

তিনি ছিলেন বদরী সাহাবীদের অন্তর্ভূক্ত। আল্লাহ তা’আলা যাদের জীবনের পূর্বা-পর সকল গুনাহ পূর্ব থেকেই ক্ষমা করে দিয়েছিলেন, যারা ছিলেন নিশ্চিত জান্নাতী। তিনি স্বয়ং প্রতিটি জিহাদে জান-মাল দ্বারা কাফেরদের বিরুদ্ধে অংশগ্রহণ করেছিলেন। এমনকি উক্ত জিহাদটিতেও তিনি মক্কার মুশরিকদের বিরুদ্ধে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সঙ্গে বের হয়েছিলেন। আর তিনি জানতেন মুসলমান ও কাফেরদের মাঝে চলমান লড়াইয়ে যে বা যারা কাফেরদের পক্ষ অবলম্বন করবে, কাফেরদের বিধান ও তার বিধান একই হবে। কিন্তু তিনি কখনই এমনটি ভাবেননি যে তার এই কাজটিকেও সেই হুকুমের অন্তর্ভূক্ত করা হবে, সাহাবায়ে কেরাম তাকে মুরতাদ ভেবে তার উপর রিদ্দাহর হুকুম বলবৎ করতে উদ্যত হবেন। তাই তিনি বলেছিলেন: **‘আমার (ফায়সালার) ব্যাপারে তাড়াহুড়া করবেন না।’** তিনি আরো বলেন: **‘আমি এটি ফুফরী মনে করে অথবা দ্বীন ত্যাগ করতে বা ইসলামের পর পুনরায় কুফরের প্রতি সন্তুষ্ট হয়ে করিনি।’’**

নির্দেশনা:

আমরা একটু লক্ষ্য করি, হাতিব বিন আবী বালতা'আ (রাদিঃ) কাফেরদেরকে এমন কি সাহায্য করেছিলেন? শুধুমাত্র একটি তথ্য জানাতে চেয়েছিলেন যা তার দৃষ্টিতে মুসলমানদের জন্য কোন ক্ষতির কারণ ছিল না। তথাপি তার ব্যাপারে উমর (রাদিঃ) এর মত নববী মেজাজের অধিকারী সাহাবীর অবস্থান কি ছিল? তাহলে যারা কুফর ও ইসলামের মাঝে চলমান লড়াইয়ে সরাসরি কাফেরদের ফ্রন্ট লাইন গ্রহণ করে, দ্বীনের মধ্যে তাদের বিধান কি হতে পারে?

দলীল নং ৩:

বদরের যুদ্ধে যে সকল মুসলমান বাধ্য হয়ে কুরাঈশদের পক্ষে অংশগ্রহণ করেছিলেন তাদের মধ্যে ছিলেন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর চাচা আব্বাস (রাদিঃ)। অতঃপর তিনি মুসলমানদের হাতে বন্দী হন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সাহাবাদের সাথে পরামর্শ করেন, যুদ্ধ বন্দীদেরকে হত্যা করে ফেলা হবে নাকি মুক্তিপণ আদায় করে ছেড়ে দেয়া হবে? অতঃপর এই সিদ্ধান্ত গৃহিত হয় বন্দীদেরকে মুক্তিপণ নিয়ে ছেড়ে দেয়া হবে।

তখন আব্বাস (রাদিঃ) রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলেন:

يا رسول الله إني كنت مسلما

হে আল্লাহর রাসূল! আমি তো মুসলমান ছিলাম!

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন:

الله اعلم بإسلامك فإن يكن كما تقول فالله يجزيك

আল্লাহ তা'আলাই আপনার ইসলাম সম্পর্কে ভালো অবগত আছেন। আপনার কথা যদি সত্য হয়ে থাকে তাহলে আল্লাহ তা'আলাই আপনাকে প্রতিদান দেবেন। [সনদ:সহীহ, সুনানুল বাইহাকি, খন্ড:৬, পৃষ্ঠা:৩২২]

আব্বাস (রাদিঃ) নিজের ইসলামের ব্যাপারে স্পষ্ট ঘোষণা দিলেন - "হে আল্লাহর রাসূল, আমি তো মুসলমান ছিলাম!" অর্থাৎ আমি তো বাধ্য হয়ে এসেছিলাম, তথাপি কি আমার উপরও কাফেরদের বিধান প্রযোজ্য? আমাকেও মুক্তিপণ আদায় করতে হবে?

কিন্তু রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কেন আব্বাস (রাদিঃ) এর কথা গ্রহণ না করে তার উপর অন্যান্য কাফের বন্দীদের বিধানই প্রযোজ্য করলেন? এর কারণ হলো, মুসলমানদের

বিরুদ্ধে কাফেরদেরকে সাহায্য করার রুবুবী ফায়সালা হলো তা কুফর। আর আব্বাস (রাদিঃ) কে এই কুফরে লিপ্ত থাকা অবস্থাতেই গ্রেফতার করা হয়েছে আর এটাই ছিল জহের বা বাহ্যিকতা। তাই তার উপরও অন্যান্য কাফেরদের বিধানই প্রযোজ্য হয়েছে। তার মুখের কথাকে গ্রহণ করা হয়নি কেননা তা ছিল জহেরের খেলাফ বা বিপরীত। অন্যথায় নিশ্চিত তার কথা গ্রহণ করা হতো। তবে তিনি যদি সত্যিই মুসলমান হয়ে থাকেন, বাধ্য হয়েই যুদ্ধে এসে থাকেন তাহলে সেটি তো আল্লাহ তা'আলা দেখছেন। তাই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছিলেন: "আল্লাহ তা'আলাই আপনার ইসলাম সম্পর্কে ভালো অবগত আছেন। আপনার কথা যদি সত্য হয় থাকে তাহলে আল্লাহ তা'আলাই আপনাকে প্রতিদান দেবেন।"

সাহাবী ও তাবি'ইর আছার (রাদিঃ)

<u>হুযাইফা (রাদিঃ) এর আছার:</u>

أخرج عبد بن حميد عن حذيفة قال: ليتق أحدكم ان يكون يهوديا أو نصرانيا وهو لايشعر وتلا ومن يتولهم منكم فانه منهم-

হুযাইফা (রাদিঃ) বলেন: তোমাদের সকলেই যেন সতর্ক থাকে যে, সে ইহুদী অথবা খ্রিষ্টান হয়ে মৃত্যুবরণ করবে, অথচ সে অনুভবও করতে পারবে না। অতঃপর তিনি তিলাওয়াত করেন: **আর তোমাদের মধ্যে যে তাদের সাথে বন্ধুত্ব করবে, নিশ্চয়ই সে তাদেরই একজন।** [সূরা মায়িদাহ্: ৫১] [আদ-দুররুল মানসূর, খন্ড:৩, পৃষ্ঠা:১০০]

আব্দুল্লাহ বিন উৎবা (রহঃ) এর উক্তি:

حدثنا الحسن بن محمد بن الصباح ، ثنا عثمان بن عمر ، ثنا ابن عون ، عن محمد بن سيرين ، قال: قال عبد الله بن عتبة: ليتق أحدكم أن يكون ، يهوديا أو نصرانيا وهو لا يشعر ، قال: فظنناه أنه يريد هذه الآية [يا أيها الذين آمنوا لا تتخذوا اليهود والنصارى أولياء بعضهم أولياء بعض ومن يتولهم منكم فإنه منهم

মুহাম্মাদ বিন সিরীন থেকে বর্ণিত তিনি বলেন, আব্দুল্লাহ বিন উৎবা বলেছেন: তোমাদের সকলেই যেন সতর্ক থাকে যে, সে ইহুদী অথবা খ্রিষ্টান হয়ে মৃত্যুবরণ করবে, অথচ সে অনুভবও করতে পারবে না। তিনি বলেন: আমরা ধারণা করলাম, তিনি এই আয়াতটি উদ্দেশ্য নিয়েছেন: **হে মুমিনগণ, তোমরা ইহুদী ও নাসারাদেরকে বন্ধুরূপে গ্রহণ করো না। তারা একে অপরের বন্ধু। আর তোমাদের মধ্যে যে তাদের সাথে বন্ধুত্ব করবে, নিশ্চয়ই সে তাদেরই একজন।** [সূরা মায়িদাহ্: ৫১] [তাফসীরে ইবনে কাছীর, খন্ড:৩, পৃষ্ঠা:১৩২]

ইজমা থেকে দলীল

চার মাযহাবের ফক্বীহগণের (রহঃ) ফতওয়া

ফিক্বহে হানাফী

১. শাইখুল ইসলাম হুসাইন আহমাদ মাদানী (রহঃ) এর ফতওয়া:

قتل مسلم کی تیسری صورت یہ ہے کہ کوئی مسلمان کافروں کے ساتھ ہو کر ان کی فتح و نصرت کے لئے مسلمانوں سے لڑے یا لڑائی میں ان کی اعانت کرے اور جب مسلمانوں اور کافروں میں جنگ ہو رہی ہو تو کافروں کا ساتھ دے- یہ صورت اس جرم کے کفرو عدوان کی انتہائی صورت ہے اور ایمان کی موت اور اسلام کے نابود ہو جانے کی ایسی اشد حالت ہے جس سے زیادہ کفر اور کافری کا تصور بھی نہیں کیا جا سکتا- دنیا کے وہ سارے گناہ، ساری معصیتیں، ساری ناپاکیاں،ہر قسم کی نافرمانیاں جو ایک مسلمان اس دنیا میں کر سکتا ہے یا ان کا وقوع دھیان میں آ سکتا ہے سب اس کے آگے ہیچ ہیں- جو مسلمان اس کا مرتکب ہو وہ قطعا کافر ہے اور بدترین قسم کا کافر ہے- اس نے صرف قتل مسلم کا ارتکاب نہیں کیا بلکہ اسلام کے برخلاف دشمنان حق کی اطاعت و نصرت کی ہے -اور یہ بالاتفاق اور بالاجماع کفر صریح ہے-جب شریعت ایسی حالت میں غیر مسلموں کے ساتھ کسی طرح کا علاقہ محبت رکھنا بھی جائز نہیں رکھتی تو پھر صریح اعانت فی الحرب کے بعد کیونکر ایمان و اسلام باقی رہ سکتا ہے-

[قتل مسلم ،کتاب: معارف مدنی افادات مولانا حسین احمد مدنی]

جمع و ترتیب:مفتی عبدالشکور ترمذی

মুসলমান হত্যার তৃতীয় রূপ হচ্ছে এই যে, কোন মুসলমান যদি কাফেরদের পক্ষ নিয়ে তাদের সাহায্য ও বিজয়ের জন্য মুসলমানদের বিরুদ্ধে লড়াই করে, অথবা যুদ্ধে তাদের সহায়তা করে কিংবা যখন মুসলমান ও কাফেরদের যুদ্ধ চলতে থাকে তখন কাফেরদেরকে সমর্থন জানায়, **এমতাবস্থায় উপরোক্ত অপরাধটি কুফরী ও সীমালঙ্ঘনের চূড়ান্ত পর্যায়ে উপনীত হয় এবং ঈমান ধ্বংস ও ইসলাম শূন্যতার এমন জঘন্য ও নিকৃষ্ট অবস্থায় পৌঁছায়, যার চেয়ে মারাত্বক কুফর ও কুফরী কর্মকান্ড কল্পনাও করা যায় না।** বিশ্বে যে কোন মুসলমানের পক্ষে সম্পাদন করা সম্ভব অথবা কোন মুসলমানের কল্পনায় আসতে পারে এমন যাবতীয় পাপ, সকল সীমালঙ্ঘন, সকল অপবিত্রতা এবং সর্বপ্রকার অবাধ্যতা এই অপরাধের সামনে তুচ্ছ। **যে মুসলমান এতে লিপ্ত হবে, সে নিশ্চিত কাফের এবং নিকৃষ্টতম কাফের।** সে শুধু মুসলমান হত্যায় জড়িত হয়েছে এটুকুই নয় বরং

ইসলামের বিরুদ্ধে হক্ক এর শত্রুদের আনুগত্য ও সহায়তা করেছে এবং **এটি সকলের ঐকমত্যে সর্বসম্মতিক্রমে কুফরে ছরীহ বা সুস্পষ্ট কুফর।** এমতাবস্থায় শরীয়াত যেখানে অমুসলমানদের সাথে কোন প্রকার মহব্বতের সর্ম্পকেরও বৈধতা দেয় না, সেক্ষেত্রে যুদ্ধে সুস্পষ্ট সহযোগিতার পরেও কি করে ঈমান ও ইসলাম বাকি থাকতে পারে?

[অধ্যায়: কতলে মুসলমান; মাআ'রেফে মাদানী; মাওলানা হুসাইন আহমদ মাদানী (রহঃ), সংকলন ও বিন্যাস: মুফতী আব্দুস শাকূর তিরমিজী।]

ইংরেজরা যখন খেলাফতে উসমানিয়ার বিরুদ্ধে যুদ্ধ করে এবং বাইতুল মুকাদ্দাসে আক্রমণ করে তখন হিন্দুস্থান থেকে প্রায় ছয় লক্ষ সৈন্য তাদের সাথে যোগ দেয়। তখন **শাইখুল ইসলাম হুসাইন আহমাদ মাদানী (রহঃ)** তাদেরকে মুরতাদ ঘোষণা করে নিম্নোক্ত ফতওয়া প্রদান করেন:

বাইতুল মুকাদ্দাসের উপর আক্রমণকে লর্ড জর্জ 'ক্রুসেড' আখ্যায়িত করেছে। চার্চিলও এটিকে 'ক্রুসেড' বলে উল্লেখ করেছে। তাই আমি সুস্পষ্ট ও দ্ব্যর্থহীন কণ্ঠে ঘোষণা করছি, **যে মুসলমানই খ্রিষ্টানদেরকে সাহায্য সহযোগিতা করেছে, সে শুধুমাত্র গুনাহই করেনি বরং কাফের হয়ে গেছে।** ['উলামায়ে হক', মাওলানা মুহাম্মাদ মিঁয়া, পৃষ্ঠা:২১৫]

নির্দেশনা:

আল্লাহু আকবার! হযরতের কথার প্রতি একটু লক্ষ্য করুন, **"বিশ্বে যে কোন মুসলমানের পক্ষে সম্পাদন করা সম্ভব অথবা কোন মুসলমানের কল্পনায় আসতে পারে এমন যাবতীয় পাপ, সকল সীমালঙ্ঘন, সকল অপবিত্রতা এবং সর্বপ্রকার অবাধ্যতা এই অপরাধের সামনে তুচ্ছ। যে মুসলমান এতে লিপ্ত হবে, সে নিশ্চিত কাফের এবং নিকৃষ্টতম কাফের।"** আর এ কারণেই খেলাফাতে উসমানিয়া পতনের লড়াইয়ে যে সমস্ত মুসলমান সৈন্য অংশগ্রহণ করেছিল তাদেরকে তিনি মুরতাদ ঘোষণা করেছেন।

২. বিশিষ্ট ফক্বীহ আল্লামা আবুল বারাকাত আন-নাসাফী (রহঃ) বলেন:

يا أيها الذين آمنوا لا تتخذوا اليهود والنصارى أولياء أى لا تتخذوهم أولياء تنصرونهم وتستنصرونهم وتؤاخونهم وتعاشرونهم معاشرة المؤمنين ثم علل النهى بقوله بعضهم أولياء بعض وكلهم أعداء المؤمنين وفيه دليل على أن الكفر كله ملة واحدة ومن يتولهم منكم فانه منهم من جملتهم وحكمه حكمهم وهذا تغليظ من الله وتشديد فى وجوب

مجانبة المخالف فى الدين إن الله لا يهدى القوم الظالمين لا يرشد الذين ظلموا انفسهم بموالاة الكفرة [**تفسير النسفى**]

"হে ইমানদারগণ, তোমরা ইহুদী ও নাসারাদেরকে বন্ধুরূপে গ্রহণ করো না।" অর্থাৎ তাদেরকে বন্ধুরূপে গ্রহণ করো না যে তাদেরকে তোমরা সাহায্য করবে, তাদের কাছে সাহায্য চাইবে বা তাদের সাথে মুমিনদের ন্যায় আচার-আচরণ ও চলাফেরা করবে। ভিন্ন ধর্মাবলম্বিদের সঙ্গ ত্যাগের আবশ্যকীয়তার ব্যাপারে এটি আল্লাহ তা'আলার পক্ষ থেকে চূড়ান্ত ও কঠিন হুকুম।

অতঃপর নিষেধের কারণ বর্ণনা করছেন: "**তারা একে অপরের বন্ধু।"** আর প্রত্যেকেই মুমিনদের শত্রু। এতে এ প্রমাণও বিদ্যমান রয়েছে, সকল কুফর একই মিল্লাতের অন্তর্ভূক্ত।

"আর তোমাদের মধ্যে যে তাদের সাথে বন্ধুত্ব করবে, নিশ্চয়ই সে তাদেরই একজন।" অর্থাৎ সে তাদের মধ্যেই গণ্য হবে, তাদের ব্যাপারে যা হুকুম হবে তার ব্যাপারেও একই হুকুম হবে। ভিন্ন ধর্মাবলম্বিদের সঙ্গ ত্যাগের আবশ্যকীয়তার ব্যাপারে এটি আল্লাহ তা'আলার পক্ষ থেকে চূড়ান্ত ও কঠিন সিদ্ধান্ত।

"নিশ্চয়ই আল্লাহ যালিম সম্প্রদায়কে হিদায়াত দেন না।" কাফেরদের সাথে বন্ধুত্ব করে যারা নিজেদের উপর যুলুম করেছে তাদেরকে আল্লাহ রাব্বুল আলামীন পথ প্রদর্শন করেন না। [তাফসিরুন নাসাফী, খন্ড:১, পৃষ্ঠা:২৮৭]

৩. কাজী মুফতী মুহাম্মাদ আবুস সাউদ আল-ঈমাদী (রহঃ) বলেন:

وقوله تعالى ومن يتولهم منكم فإنه منهم حكم مستنتج منه فإن انحصار الموالاة فيما بينهم يستدعي كون من يواليهم منهم ضرورة أن الاتحاد في الدين الذي عليه يدور أمر الموالاة حيث لم يكن بكونهم ممن يواليهم من المؤمنين تعين أن يكون ذلك بكون من يواليهم منهم وفيه زجر شديد للمؤمنين عن إظهار صورة الموالاة لهم وإن لم تكن موالاة في الحقيقة وقوله تعالى إن الله لا يهدي القوم الظالمين تعليل لكون من يتولاهم منهم أي لا يهديهم إلى الإيمان بل يخليهم وشانهم فيقعون في الكفر والضلالة وإنما وضع المظهر موضع ضميرهم تنبيها على أن توليهم ظلم لما أنه تعريض لأنفسهم للعذاب الخالد [**تفسير أبي السعود**]

আল্লাহ তা'আলার বাণী: **"আর তোমাদের মধ্যে যে তাদের সাথে বন্ধুত্ব করবে, নিশ্চয়ই সে তাদেরই একজন।"** এই হুকুমটি নির্ধারিত হয়েছে আয়াতের পূর্বের অংশ থেকে **[তারা কতকে কতকের বন্ধু]।** কেননা বন্ধুত্ব তাদের মধ্যে সীমাবদ্ধ থাকার দাবী হলো - যে তাদের সাথে বন্ধুত্ব করবে সে তাদেরই একজন বলে গণ্য হবে। আর এটি একারণে যে দ্বীনের ক্ষেত্রে ঐক্যের উপর ভিত্তি করেই পরস্পর ভালবাসার বিষয়টি পরিচালিত হয়। মুমিনরা যেহেতু তাদের সাথে বন্ধুত্ব করে দ্বীনের ক্ষেত্রে ঐক্য করতে পারে না, সুতরাং যে তাদের সাথে বন্ধুত্ব

করে দ্বীনের ক্ষেত্রে ঐক্য করবে সে তাদের মধ্য থেকেই হবে। এতে রয়েছে মুমিনদের জন্য কঠিন ধমক, যাতে তারা ইহুদী-খ্রিষ্টানদের সাথে বাহ্যিক বন্ধুত্বও প্রকাশ না করে, যদিও বা বাস্তবিক বন্ধুত্ব নাও থাকে। আল্লাহ তা'আলার বাণী - **"নিশ্চয়ই আল্লাহ যালিম সম্প্রদায়কে হিদায়াত দেন না।"** এ অংশে, যে তাদের সাথে বন্ধুত্ব করবে সে তাদের মধ্যে গণ্য হওয়ার কারণ বর্ণনা করা হচ্ছে। অর্থাৎ আল্লাহ তা'আলা তাদেরকে ঈমানের দিকে পথ দেখান না। বরং তাদেরকে তাদের অবস্থার উপর ছেড়ে দেন। ফলে তারা কুফর ও গোমরাহীর মধ্যে নিপতিত হয়। এখানে সর্বনামের **[هم]** স্থানে বিশেষ্যকে **[القوم]** ব্যবহার করা হয়েছে। এর মাধ্যমে আল্লাহ তা'আলা সতর্ক করে দিয়েছেন তাদের সাথে বন্ধুত্ব হলো যুলুম। কেননা এর মাধ্যমে সে নিজেকে চিরস্থায়ী আযাবের মধ্যে নিপতিত করছে।

৪. আল্লামা মুহাম্মাদ বিন মোস্তফা আত-তারাবুলসী (রহঃ) এর ফতওয়া:

وسئل أيضا عن بلدة استولى عليها الكفار وتمكنوا منها فانضم إليهم بعض القبائل والعشائر ، وصاروا يقاتلون معهم المسلمين وينهبون مالهم ، وينصحون الكفار ويعينونهم على أذى المسلمين ، فكانوا أشد ضررا على المسلمين من الكفار ، فما الحكم فيهم وهذا حالهم؟

فأجاب: إني لم أقف على حكم هؤلاء في كتب مذهبنا معشر الحنفية ولكن وقفت على حكمهم في كتب بعض السادات المالكية، قال في فتح الثغر الوهراني لما دعا الناس سلطان الجزائر إلى جهاد الكفار الذين استولوا على ثغر وهران ، جاءوا إليه من كل فج عميق ، وكان هذا غير حال القبائل العامرية ، وأما بنو عامر فإنهم كانوا في ذلك على فرق، منهم من نجا بحصون العدو مدافعا عن نفسه ومعينا للعدو بسيفه وفلسه ، فكانوا يقاتلون المسلمين مع عدوهم ويدفعون عنه ، ويغزون على الحجلة المنصورة بالله تعالى، حتى إنهم كانوا على المسلمين أشد ضررا من الكافرين، وهكذا كان بعض القبائل ؛ والظاهر أن حكم هؤلاء حكم أهل دار الحرب في قتلهم وأخذ مالهم ...] إلى

أن قال: [ومنه تعلم أن من يدخل تحت جوارهم وأمانهم من غير إعانة لهم بنفسه ولا بماله ، ولا يكون لهم عينا ولا ردءا دونهم ، لا يباح قتله ، وإنما هو عاص بمعصية لا تبيح ما عصمه الإسلام من دمه وماله]

إلى أن قال [ومنهم من لجأ للمسلمين وصار يقاتل العدو معهم وهو مع ذلك يعين العدو خفية ، ويعلمه بأحوال عساكر المسلمين ، ويطلعه على عوارتهم ، ويتربص بهم الدوائر

، وقد اطلع لهم على كتب كتبها في ذلك الوقت كثير من مشايخهم المعروفين عندهم بالأجداد ، يذكرون العدو وعهده ، ويعلمونه ببقائهم عليه ، وانتظارهم الفرج ، مع تضعيفهم لجيوش المسلمين وتوهينهم إياهم؛ وحكم أولئك حكم الزنادقة ، إن اطلع عليهم قتلوا وإلا فأمرهم إلى الله تعالى]-النوازل الكبرى [3/78-81]

হযরতকে একটি শহর সম্পর্কে জিজ্ঞাসা করা হয়েছিল, যেটি কুফ্ফাররা আক্রমণ করে দখলে নিতে সক্ষম হয়েছে। পরে তাদের সাথে গিয়ে মিলিত হয় কতিপয় [মুসলমান] গোত্র ও সম্প্রদায়। তাদের সাথে মিলে মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধ করে ও সম্পদ লুট করে। তাদেরকে পরামর্শ প্রদান করে। মুসলমানদের শাস্তি দানে তাদেরকে সহায়তা করে। কাফেরদের চেয়ে এরাই মুসলমানদের জন্য অধিক ক্ষতিকারক। এই যাদের অবস্থা তাদের হুকুম কি হতে পারে?

তিনি উত্তর প্রদান করেন: আমাদের মাযহাব তথা হানাফী ফক্বীহদের কিতাবে আমি এদের বিধান পাইনি। তবে কতিপয় সম্মানিত মালিকি ফক্বীহগণের কিতাবে পেয়েছি। **ওহরানি (রহঃ) "ফাতহুস্ সুগূরে" উল্লেখ করেন:**

আলজেরিয়ার শাসক জনগণকে কাফেরদের বিরুদ্ধে জিহাদের জন্য আহ্বান করলো। কাফেররা তখন 'ওহরান' শহরের সীমান্তে আক্রমণ করেছিল। [আহ্বানে সাড়া দিয়ে] দলে দলে মানুষ তার সাথে এসে মিলিত হতে লাগল। কিন্তু 'আমিরিয়া' গোত্রের অবস্থা ছিল ভিন্ন। তারা তখন কয়েক ভাগে বিভক্ত ছিল। তাদের কেউ কেউ নিজেকে রক্ষা এবং অস্ত্র ও সম্পদ দারা শত্রুদেরকে সাহায্যের জন্য শত্রু কেল্লায় আশ্রয় নিল। শত্রুদের সাথে মিলে মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধ করতে শুরু করলো। শত্রুদেরকে রক্ষা করতে লাগল। তারা আল্লাহ তাআ'লার সাহায্যপ্রাপ্ত দলের বিরুদ্ধে যুদ্ধ করতে লাগল। এমনকি কাফেরদের চেয়ে তারাই ছিল মুসলমানদের জন্য অধিক ক্ষতিকর। অন্য কতিপয় গোত্রের অবস্থাও একই ছিল। আর জানা বিষয় - তাদেরকে হত্যা এবং তাদের মাল ছিনিয়ে নেয়ার বিধান দারুল হরবে বসবাসকারীদের বিধানের মতই।

তিনি আরো বলেন: এর থেকে জানা যায়, যে ব্যক্তি শত্রুদেরকে জান-মাল দিয়ে সাহায্য করা ব্যতীত তাদের আশ্রয় ও নিরাপত্তা গ্রহণ করবে, আর এ ছাড়া তাদের কোন সাহায্য ও আশ্রয়স্থলও নেই [যেখানে সে আশ্রয় নিবে], এ ক্ষেত্রে তাকে হত্যা করা বৈধ হবে না। কেননা তার অপরাধ সে পর্যায়ের নয় যার কারণে ইসলাম তার রক্ত ও সম্পদ হালাল বলে।

এমনকি তিনি আরো বলেন: তাদের মধ্যে এমন কিছু ব্যক্তি আছে যারা মুসলমানদের আশ্রয়ে থাকে। মুসলমানদের সাথে মিলে শত্রুদের বিরুদ্ধে যুদ্ধ করে। তবে গোপনে শত্রুদেরকে সাহায্য করে। মুসলমান সেনাবাহিনীর সংবাদ সরবরাহ করে। তাদের দুর্বলতা প্রকাশ করে এবং তাদের বিপদের অপেক্ষা করে। সে সময়কার তাদের কয়েকটি কিতাবের ব্যাপারে জানা যায় যা লিখেছে তাদের কিছু মাশায়েখ, যারা তাদের কাছে আযদাদ [দাদা] নামে পরিচিত। সেখানে তারা শত্রুর সাথে চুক্তির বিষয় নিয়ে আলোচনা করেছে, তাদেরকে সেই চুক্তি ঠিক রাখতে এবং সুদিনের অপেক্ষা করতে পরামর্শ দিয়েছে। সাথে সাথে মুসলমান সেনাবাহিনীকে শক্তিহীন ও দুর্বল করতে বলেছে।

তাদের ক্ষেত্রে প্রযোজ্য হবে জিন্দিক তথা মুরতাদের বিধান। যদি তাদের বিষয়ে অবগত হওয়া যায়, তাহলে তাদেরকে হত্যা করতে হবে। অন্যথায় তাদের বিষয়টি আল্লাহর উপরই ন্যস্ত থাকবে।

আল্লামা তারাবুলসী (রহঃ) এই ফতওয়াটি উল্লেখ করে বলেন:

فليحفظ فإنه مهم ، وقواعد مذهبنا لا تأباه ، والله تعالى أعلم

এটি একটি গুরুত্বপূর্ণ বিষয়, তাই যেন স্মরণ থাকে। আর আমাদের মাযহাবের মূলনীতিও এর বিপরীত নয়। আল্লাহই ভাল জানেন। [দেখুন: আন-নাওাযিলুল কুবরা, খন্ডা:৩, পৃষ্ঠা: ৭৮-৮১]

নির্দেশনা:

১. যারা অস্ত্র, সম্পদ বা শক্তি দ্বারা কাফেরদেরকে সহায়তা করবে তাদের জান ও মাল মুসলমানদের জন্য হালাল।

২. যারা মুসলমানদের পক্ষ নিয়ে যুদ্ধ করবে, তবে গোপনে কাফেরদের পক্ষে গুপ্তচরবৃত্তি করবে, তাদেরকেও হত্যা করতে হবে। এবং তাদের জান-মাল মুসলমানদের জন্য বৈধ বলে গণ্য হবে।

৩. যারা নিরুপায় হয়ে কাফেরদের সাহায্য গ্রহণ করবে, তবে তাদেরকে নিজে কোন সহায়তা করবে না, তাদেরকে হত্যা করা বৈধ হবে না।

৫. পাকিস্তানের সাবেক মুফতীয়ে আজম শহীদ নেজামুদ্দীন শামজায়ী (রহঃ) এর ফতওয়া:

আমেরিকাসহ তার সাথে জোটভুক্ত আটচল্লিশটি রাষ্ট্র যখন ইসলামী আমীরাত আফগানিস্থানে আক্রমণ করে তখন পাকিস্তান সেনাবাহিনী তাদের পক্ষাবলম্বন করে। এই যুদ্ধে তাদেরকে সাহায্য সহযোগিতা করে। তাদেরকে বিমান ঘাঁটি প্রদান করে। তখন মুফতীয়ে আজম শহীদ নেজামুদ্দীন শামজায়ী (রহঃ) নিম্নোক্ত ঐতিহাসিক ফতওয়া জারি করেন:

بعد الحملة الأمريكية على أفغانستان فإن الأحكام الشرعية على المسلمين هي:

أولاً: أصبح الجهاد فرض عين على المسلمين كلهم خاصة وأنه في الأوضاع الحالية فإن الإمارة الإسلامية في أفغانستان هي البلد الإسلامي الوحيد الذي تطبق فيه الشريعة الإسلامية والدفاع عنها واجب كل المسلمين والهدف الأصلي من الهجوم الأمريكي اليهودي هو القضاء على النظام الإسلامي في أفغانستان .

ثانيا: لا يجوز لمسلم في أي بلد كان سواء كان موظفا حكوميا أو غير ذلك أن يقدم أي مساعدة كانت ومن أي نوع كان للعدوان الأمريكي على أفغانستان خاصة وأن الهجوم يشكل حملة صليبية على أفغانستان المسلمة. وأي مسلم يقدم المساعدة في هذا العدوان يعتبر مرتدا عن الدين

ثالثا:أي شخص يخالف أوامر الله عز وجل وشريعته فإن من كانوا تحته من موظفين أو جنود أو غير ذلك عليهم مخالفة أوامره ورفض الانصياع إليها.

رابعا: البلدان الإسلامية التي تؤيد أمريكا في هذه الحرب وتقدم مساعدة معلوماتية أو أرضية أو أجواء ويمنعون المسلمين من تأدية واجباتهم فإن على المسلمين واجب إزالة هذه الحكومات والحكام بأي وسيلة كانت.

خامسا: دعم المجاهدين في أفغانستان ماليا ومعنويا وماديا فريضة على كل مسلم في الوقت الحاضر، ومن يمكنه الوصول إلى أفغانستان والقتال إلى جانبه فأن الواجب الشرعي عليه أن يبادر إلى ذلك مباشرة ومن لا يستطيع ذلك عليه تقديم الدعم بكل وسيلة ممكنة لهم .

আফগানিস্থানে মার্কিন হামলার পর মুসলমানদের উপর শরীয়াতের বিধান নিম্নরূপ:

প্রথমত: সকল মুসলমানের উপরই জিহাদ ফরজে আইন হয়ে গিয়েছে। বিশেষতঃ বর্তমান প্রেক্ষাপটে। কেননা ইমারাতে ইসলামিয়া আফগানিস্থান সেই একক ইসলামী রাষ্ট্র যেখানে শরীয়াতের বিধান বাস্তবায়িত। এর প্রতিরক্ষা প্রতিটি মুসলমানের উপর ওয়াজিব। ইহুদী-মার্কিন যৌথ আক্রমণের মূল লক্ষ্য আফগানিস্থানের ইসলামী শাসনকে ধ্বংস করে দেয়া।

দ্বিতীয়ত: যে কোন দেশের যে কোন মুসলমান, হোক সে সরকারি চাকরিজীবী অথবা অন্য কেউ তার জন্য আফগানিস্থানে আমেরিকার আগ্রাসনে যে কোন রূপে, যে কোন ধরনের সহায়তা করা জায়েয নেই। বিশেষতঃ মুসলমান আফগানিস্থানের উপর আগ্রাসন ক্রুসেড যুদ্ধের রুপ পরিগ্রহ করেছে। যে কোন মুসলমান এই আগ্রাসনে সহায়তায় এগিয়ে আসবে সে ধর্মত্যাগী মুরতাদ বলে গণ্য হবে।

তৃতীয়ত: যে কেউ আল্লাহপাকের বিধানাবলী এবং তার শরীয়াতের বিরোধীতা করে, তার অধীনস্থ কর্মচারী অথবা সেনাসদস্য বা অন্য সবার উপর সেই ব্যক্তির নির্দেশাবলীর বিরোধীতা করা ও তার আনুগত্য পরিহার করা ওয়াজিব।

চতুর্থত: যে সকল দেশ এই যুদ্ধে আমেরিকাকে সমর্থন দিচ্ছে এবং ভূমি, আকাশ অথবা তথ্য দ্বারা সহায়তা করছে এবং মুসলমানদেরকে তাদের কর্তব্য পালনে বাঁধা দিচ্ছে, এ ধরনের প্রশাসন ও শাসকদেরকে যে কোন উপায়ে অপসারণ করা মুসলমানদের উপর ওয়াজিব।

পঞ্চমত: বর্তমান সময়ে আফগান মুজাহিদদেরকে আর্থিক, নৈতিক ও রসদ-সামগ্রী দ্বারা সাহায্য করা প্রত্যেক মুসলমানের উপর ফরজ, আর যার পক্ষে আফগানিস্থানে পৌঁছা এবং তাদের পাশে থেকে যুদ্ধ করা সম্ভব নিশ্চিতভাবে তার জন্য শর'য়ী ওয়াজিব হলো সরাসরি তাতে অংশগ্রহণ করা। আর যে এতে অক্ষম তার কর্তব্য হলো সম্ভাব্য সব পদ্ধতিতে তাদেরকে সহায়তা করা। [করাচী, ৮ অক্টোবর ২০০১]

আর এ ফতওয়া প্রদানের কারণেই সম্ভবত পাকিস্তানি গোয়েন্দা সংস্থা তাকে শহীদ করে দেয়। আল্লাহ তাকে জান্নাতের উচ্চ মাকাম দান করুন। এটা তো এই নিকট ইতিহাস, উলামায়ে হক্কের জ্বলন্ত উদাহরণ। ইমাম আবূ হানীফার বাস্তব প্রতিচ্ছবি। সত্যের জন্য জেল থেকে বের হয়েছিলো যার লাশ। হায়! এ ধরনের আলেম কতই না বিরল। বাতিলের কাছে যারা মাথা নত করে না। সত্য প্রকাশে যারা সর্বদা অকুতোভয়।

ফিক্বহে হানাফী ও কাফেরদের সাথে সম্পর্ক

আমি সবচেয়ে আশ্চর্যান্বিত হয়েছি আমাদের মাযহাবের ফিক্বহী কিতাবগুলো অধ্যয়ন করে। কেননা এগুলো অধ্যয়ন করলে বুঝতে পারা যায়, ফুক্বাহাগণ কাফেরদের সাথে সম্পর্কের ব্যাপারে কতটা সতর্কতা ও কঠোরতা অবলম্বন করেছেন।

ফিক্বহে হানাফীর প্রসিদ্ধ কিতাব 'মাজমা'উল আনহুর' এ বিশিষ্ট ফক্বীহ শায়েখ যাদাহ্ (রহঃ) উল্লেখ করেন:

ويكفر بخروجه إلى نيروز المجوس والموافقة معهم فيما يفعلونه في ذلك اليوم وبشرائه يوم نيروز شيئا لم يكن يشتريه قبل ذلك تعظيما للنيروز لا للأكل والشرب وبإهدائه ذلك اليوم للمشركين ولو بيضة تعظيما لذلك اليوم ولا يكفر بإجابة دعوة مجوس وحلق رأس ولده ويكفر بوضع قلنسوة المجوس على رأسه على الصحيح إلا لتخليص الأسير أو لضرورة دفع الحر والبرد عند البعض وقيل إن قصد به التشبيه يكفر وكذا شد الزنار في وسطه [مجمع الانهر]

মুসলমান কাফের হয়ে যায় -

১. অগ্নিপূজকদের নওরোজ [একটি ধর্মীয় উৎসব] গমন করলে। এবং ঐদিনের কার্যক্রমে তাদের সাথে সাদৃশ্য রাখলে।

২. সে যদি উক্ত দিনের সম্মানে কোন জিনিস ক্রয় করে, যা সে আগে কখনো ক্রয় করেনি, এবং তার খাওয়া ও পান করাও উদ্দেশ্য নয়।

৩. যদি সে উক্ত দিনের সম্মানে মুশরিকদেরকে একটি ডিম পর্যন্ত হাদিয়া দান করে। তবে অগ্নিপূজকের আহ্বানে সাড়া দিলে ও ছেলের মাথার চুল কামিয়ে ফেললে কাফের হবে না।

৪. সঠিক মত অনুযায়ী অগ্নিপূজকের টুপি মাথায় দিলে কাফের হয়ে যাবে। তবে কারো কারো মতে যদি বন্দী মুক্তির উদ্দেশ্যে [ছদ্মাবরণে] অথবা গরম বা ঠান্ডা থেকে বাঁচার জন্য পরিধান করে তাহলে কাফের হবে না। বলা হয় যদি এর দ্বারা সাদৃশ্য উদ্দেশ্য হয় তাহলে কাফের হয়ে যাবে।

৫. একইভাবে যদি কোমরে তাদের ফিতা বাঁধে একই হুকুম বর্তাবে।

[মাজমা‘উল আনহুর, পৃষ্ঠা:৪, খন্ডা:৪৪৯]

সতর্কতা:

পাঠক, উপরোক্ত কর্মগুলোর কোন একটি যদি কারো মাঝে দেখা যায়, তাহলে সাথে সাথেই যেন নির্দিষ্টভাবে তাকে তাকফীর করা না হয়। কেননা নির্দিষ্ট তাকফীর করার ক্ষেত্রে কিছু মূলনীতি আছে। তাই মূলনীতি সম্পর্কে ভালভাবে অবগত হওয়ার পূর্বে আমরা যেনো কাউকে তাকফীর না করি। [এই মাসআলাগুলো আমাদের অন্যান্য ফিক্বহী কিতাবেও উল্লেখ আছে।]

নির্দেশনা:

দেখুন আমরা যে কাজগুলোকে স্বাভাবিক ভাবি, তার ব্যাপারে ফুক্বাহাগণ কতটা কঠোর ছিলেন। উপরোক্ত কর্মগুলো যদি কুফরী হয়, তাহলে কেউ যদি কাফের ও মুসলমানদের মাঝে সংঘটিত যুদ্ধে কাফেরদের পক্ষ নেয়, তাহলে তার হুকুম কি হতে পারে, একটু ভাবুন! পাঠক আপনি হয়তো উপরোক্ত কর্মগুলোর ব্যাপারে ফুক্বাহাগণের মতামতকে শুধুমাত্র ধমকি হিসেবে নিতে পারেন, মনে করতে পারেন এগুলো কিভাবে কুফরী হতে পারে। এই সন্দেহ দূর করার জন্য উপরোক্ত ইবারত উল্লেখ করার পর শায়েখ যাদাহ্ (রহঃ) বলেন:

وفي البزازية ويحكى عن بعض من الأسالفة أنه يقول ما ذكر من الفتاوى أنه يكفر بكذا وكذا أنه للتخويف والتهديد لا لحقيقة الكفر وهذا كلام باطل وحاشا أن يلعب أمناء الله تعالى أعني علماء الأحكام بالحلال والحرام والكفر والإسلام بل لا يقولون إلا الحق الثابت عند شريعة سيدنا محمد عليه الصلاة والسلام عصمني الله وإياكم عن زلل عن اللسان وتكلم كلمة الكفر بالخطأ والنسيان آمين بحرمة سيد المرسلين صلاة لله عليه وعليهم أجمعين [مجمع الانهار]

‘বাজাজিয়ার’ মধ্যে কোন একজন সালাফ থেকে বর্ণনা করা হয়েছে তিনি বলেছেন: "যে ফতওয়াগুলোতে উল্লেখ করা হয় - এমনটি-এমনটি করলে কাফের হবে - এটি শুধু ভীতি প্রদর্শন ও সতর্ক করার জন্য, তবে বাস্তবে এটি কুফর নয়।" উপরোক্ত উক্তিটি বাতিল। আশ্চর্য! আল্লাহ তাআ’লার বিশ্বস্ত বান্দাদেরকে নিয়ে যেন ঠাট্টা করা না হয়। অর্থাৎ ঐ সমস্ত আলেমগণ যারা হালাল, হারাম, কুফর ও ইসলামের ব্যাপারে হুকুম বর্ণনা করেন। তারা তো শুধু এমন কথাই বলেন যা সত্য, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর শরীয়াতে প্রমাণিত। আল্লাহ তা’আলা আমাকে ও আপনাদেরকে কথার বিচ্যুতি থেকে রক্ষা করুন,

জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে কুফরী বলা থেকে বিরত রাখুন। আমীন। [মাজমা'উল আনহুর, পৃষ্ঠা:৪, খন্ডা:৪৫০]

ফিক্বহে শাফি'ঈ

১. ইমাম রাজি (রহঃ) এর ফতওয়া:

মহান আল্লাহ তা'আলা বলেন:

وَيَقُولُ الَّذِينَ آمَنُوا أَهَؤُلَاءِ الَّذِينَ أَقْسَمُوا بِاللَّهِ جَهْدَ أَيْمَانِهِمْ إِنَّهُمْ لَمَعَكُمْ حَبِطَتْ أَعْمَالُهُمْ فَأَصْبَحُوا خَاسِرِينَ

আর মুমিনগণ বলবে, 'এরাই কি তারা, যারা আল্লাহর নামে কঠিন শপথ করেছে যে, নিশ্চয় তারা তোমাদের সাথে আছে?' তাদের আ'মালসমূহ বরবাদ হয়ে গেছে, ফলে তারা ক্ষতিগ্রস্ত হয়েছে। [সূরা মায়িদাহ্: ৫৩]

উপরোক্ত আয়াতের ব্যাখ্যায় ইমাম রাজি (রহঃ) বলেন:

المسألة الثانية: الفائدة في أن المؤمنين يقولون هذا القول هو أنهم يتعجبون من حال المنافقين عندما أظهروا الميل إلى موالاة اليهود والنصارى ، وقالوا: إنهم يقسمون بالله جهد أيمانهم أنهم معنا ومن أنصارنا ، فالآن كيف صاروا موالين لأعدائنا محبين للاختلاط بهم والاعتضاد بهم؟

المسألة الثالثة: قوله { حَبِطَتْ أعمالهم } يحتمل أن يكون من كلام المؤمنين ، ويحتمل أن يكون من كلام الله تعالى ، والمعنى ذهب ما أظهروه من الإيمان ، وبطل كل خير عملوه لأجل أنهم الآن أظهروا موالاة اليهود والنصارى ، فأصبحوا خاسرين في الدنيا والآخرة ، فإنه لما بطلت أعمالهم بقيت عليهم المشقة في الإتيان بتلك الأعمال ، ولم يحصل لهم شيء من ثمراتها ومنافعها ، بل استحقوا اللعن في الدنيا والعقاب في الآخرة .

দ্বিতীয় মাসআলা: মুমিনরা এমনটি বলছিল, কেননা তারা মুনাফিকদের অবস্থা দেখে বিস্মিত হচ্ছিল যে, এরা ইহুদী খ্রিষ্টানদের প্রতি ভালবাসা প্রকাশ করছে। মুমিনরা বলছিল, এরা না কঠিনভাবে আল্লাহর শপথ করে বলতো, তারা আমাদের সাথে থাকবে, আমাদেরকে সাহায্য করবে? এখন কিভাবে আমাদের শত্রুদের বন্ধু হয়ে গেল। তাদের সাথে সম্পর্ক ও ভালবাসা তৈরি করলো!

তৃতীয় মাসআলা: আল্লাহর বাণী "তাদের আ'মালসমূহ বরবাদ হয়ে গেছে", সম্ভাবনা রয়েছে এটা হয়তো মুমিনদের মুখের কথা হবে অথবা আল্লাহ তা'আলারই কথা হবে। এর অর্থ হলো, তারা যে ঈমান প্রকাশ করতো তা আর বাকি নেই। তারা যে নেক আমল করেছিল তাও নষ্ট হয়ে গেছে। কেননা তারা এখন ইহুদী-খ্রিষ্টানদের সাথে বন্ধুত্ব প্রকাশ করছে। সুতরাং তারা

দুনিয়া-আখেরাত উভয় জগতেই ক্ষতিগ্রস্থ। কেননা যখন তাদের আমল বাতিল হয়েছে, তখন উক্ত আমলগুলো করতে তাদের যে কষ্ট-ক্লেশ হয়েছিল তা বেকার হয়ে গেছে। এর দ্বারা তাদের কোন উপকার বা ফল অর্জিত হয়নি। বরং তারা দুনিয়ায় হয়েছে লা'নতপ্রাপ্ত আর পরকালে শাস্তির উপযুক্ত। [তাফসীরে রাযী, খন্ড:৬, পৃষ্ঠা:৭৬]

মহান আল্লাহ তা'আলা বলেন:

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا مَنْ يَرْتَدَّ مِنْكُمْ عَنْ دِينِهِ فَسَوْفَ يَأْتِي اللَّهُ بِقَوْمٍ يُحِبُّهُمْ وَيُحِبُّونَهُ أَذِلَّةٍ عَلَى الْمُؤْمِنِينَ أَعِزَّةٍ عَلَى الْكَافِرِينَ يُجَاهِدُونَ فِي سَبِيلِ اللَّهِ وَلَا يَخَافُونَ لَوْمَةَ لَائِمٍ ذَلِكَ فَضْلُ اللَّهِ يُؤْتِيهِ مَنْ يَشَاءُ وَاللَّهُ وَاسِعٌ عَلِيمٌ

হে মুমিনগণ, তোমাদের মধ্যে যে ব্যক্তি তার দ্বীন থেকে ফিরে যাবে, তাহলে অচিরেই আল্লাহ এমন এক জাতিকে নিয়ে আসবেন, যাদেরকে তিনি ভালবাসবেন এবং তারাও তাঁকে ভালবাসে। তারা মুমিনদের প্রতি হবে সহানুভূতিশীল আর কাফেরদের প্রতি কঠোর। তারা আল্লাহর রাস্তায় জিহাদ করবে এবং কোন তিরস্কারকারীর তিরস্কারকে ভয় পাবে না। এটি আল্লাহর অনুগ্রহ, যাকে ইচ্ছা তিনি তাকে তা দান করেন। আর আল্লাহ প্রাচুর্যময়, সর্বজ্ঞ। [সূরা মায়িদাহ্: ৫৪]

এই আয়াতের ব্যাখ্যায় তিনি বলেন:

معنى الآية: يا أيها الذين آمنوا من يتول منكم الكفار فيرتد عن دينه فليعلم أن الله تعالى يأتي بأقوام آخرين ينصرون هذا الدين على أبلغ الوجوه

হে ঈমানদারগণ, তোমাদের মধ্য থেকে যে কাফেরদের সাথে বন্ধুত্ব করবে ও মুরতাদ হয়ে যাবে, সে যেন জেনে রাখে আল্লাহ তা'আলা অপর এমন লোকদেরকে নিয়ে আসবেন যারা সর্বোত্তম পদ্ধতিতে এ দ্বীনের সাহায্য করবে। [তাফসীরে রাযী, খন্ড:৬, পৃষ্ঠা:৮০]

২. আল্লামা মাওয়ারিদী (রহঃ) এর ফতওয়া:

من يتولهم مِنْكُمْ فَإِنَّهُ مِنْهُمْ يَعْنِي فِي وُجُوبِ الْقَتْلِ: لِأَنَّ مَنْ تَوَلَّاهُمْ مِنَّا مُرْتَدٌّ لَا يُقَرُّ عَلَى رِدَّتِهِ

"আর তোমাদের মধ্য থেকে যে তাদের সাথে বন্ধুত্ব করবে, নিশ্চয়ই সে তাদেরই একজন।" অর্থাৎ [তাদের মত তাকেও] হত্যা করা ওয়াজিব, কেননা যে আমাদের মধ্য থেকে ইহুদী খ্রিষ্টানদেরকে বন্ধুরূপে গ্রহণ করবে সে মুরতাদ। তাকে তার রিদ্দাহ অবস্থায় অবস্থান করতে দেয়া হবে না। [আল-হাওিল কাবীর, খন্ড:১৪, পৃষ্ঠা:৬৪২]

৩. আল্লামা আবদুল্লাহ বিন আবদিল বারী আল-ইয়ামানী (রহঃ) এর ফতওয়া:

একজন ব্যক্তি শায়েখকে প্রশ্ন করেছিলেন: ইসলামী দেশগুলোতে মুসলমানদের মধ্য থেকে কিছু ব্যক্তি আছেন, যাদেরকে খ্রিষ্টানদের [দেশের] নাগরিক বলে আখ্যায়িত করা হয়। আর তারা এটা পছন্দ করে ও এতে আনন্দিত হয়। এদের ঈমানের ব্যাপারে আপনাদের মতামত কি? এমনকি এরা নিজেদের জাহাজগুলোতে নাসারাদের পতাকার মত পতাকা উত্তোলন করে যাতে তারা বুঝতে পারে এরা তাদেরই নাগরিক।

প্রত্যুত্তরে শায়েখ (রহঃ) বলেন:

.....أن هؤلاء قوم قد أشربوا حب النصارى في قلوبهم، واستحضروا عظمة ملكهم، وصولتهم، ولاحظوا توفر الدنيا بأيديهم، التي هي حظهم من الدنيا والآخرة، وقصروا نظرهم إلى عمارة الدنيا، وجمعها، وأن النصارى أقوم لحفظها، ورعايتها،

فإن كان القوم المذكورون جهالا يعتقدون رفعة دين الإسلام، وعلوه على جميع الأديان وأن أحكامه أقوم الأحكام، وليس في قلوبهم مع ذلك تعظيم الكفر، وأربابه، فهم باقون على أحكام الإسلام، لكنهم فساق مرتكبون لخطب كبير يجب تعزيرهم عليه وتأديبهم وتنكيلهم .. وإن كانوا علماء بأحكام الإسلام، ومع ذلك صدر عنهم ما ذكر، فيستتابوا، فإن رجعوا عن ذلك وتابوا إلى الله تعالى، وإلا فهم مارقون، فإن اعتقدوا تعظيم الكفر ارتدوا، وجرى عليهم أحكام المرتدين .. وظاهر الآيات والأحاديث عدم إيمان المذكورين،

قال تعالى: {الله ولي الذين آمنوا يخرجهم من الظلمات إلى النور والذين كفروا أولياؤهم الطاغوت يخرجهم من النور إلى الظلمات} [البقرة: 257]، فالآية تقتضي أن الناس قسمان: الذين آمنوا وليهم الله تعالى، أي لا غيره فليس لهم مولى دون الله، ورسوله . الله مولانا ولا مولى لكم، والذين كفروا أولياؤهم الطاغوت، فلا واسطة، فمن اتخذ الطاغوت وليا من دون الله فقد خسر خسرانا مبينا، وارتكب خطأ جسيما، فليس إلا ولي الله أو ولي الطاغوت، فلا شركة بوجه من الوجوه البتة، كما تقتضيه الآية.. وقال تعالى: {فلا وربك لا يؤمنون حتى يحكموك فيما شجر بينهم ثم لا يجدوا في أنفسهم حرجا مما قضيت ويسلموا تسليما} [النساء:65] . وقد حكم الله أن لا نتولى الكفار بوجه قط، فمن خالف لما يحكم فأنى يكون له إيمان وقد نفى الله إيمانه، وأكد النفي بأبلغ الوجوه والإقسام على ذلك فاستفده .. **[السيف البتار ، على من يوالي الكفار ، ويتخذهم من دون الله ورسوله ﷺ والمؤمنين أنصار]**

নিশ্চয় উক্ত ব্যক্তিরা তাদের হৃদয়কে খ্রিষ্টানদের ভালবাসা দ্বারা সিক্ত করেছে, তাদের রাজত্ব ও কর্তৃত্ব তার অন্তরে জায়গা করে নিয়েছে, দুনিয়ার প্রাচুর্য উপার্জনকেই গুরুত্ব দিয়েছে আর এটাই তাদের দুনিয়া ও আখেরাতের একমাত্র অংশ। আর তাদের দৃষ্টি শুধুমাত্র দুনিয়ার প্রাসাদ নির্মাণ ও তা উপার্জনের উপরেই নিবদ্ধ আছে। তাদের বিশ্বাস হলো নাসারারাই তাদেরকে হেফাজত ও পরিচালনার ক্ষেত্রে অধিক যোগ্য।

যদি উপরোক্ত ব্যক্তিরা জাহেল হয়, তারা বিশ্বাস করে দ্বীনে ইসলাম সকল দ্বীনের চেয়ে উন্নত ও শ্রেষ্ঠ, তার বিধানই সর্বোৎকৃষ্ট বিধান, পাশাপাশি তাদের অন্তরে কুফর ও কুফরের রবদের

ব্যাপারে সম্মানবোধ না থাকে, তাহলে তারা ইসলামের আহকামের উপরেই বাকি থাকবে। তবে তারা জঘন্য অপরাধে লিপ্ত ফাসিক বলে গণ্য হবে। তাদেরকে কঠিন শাস্তি প্রদান করতে হবে ও সতর্ক করে দিতে হবে।

যদি তারা ইসলামের বিধিবিধান সম্পর্কে অভিজ্ঞ হয় আর তা সত্ত্বেও তাদের থেকে এমন কর্ম প্রকাশ পায় তাহলে তাদেরকে তাওবা করতে বলা হবে। যদি তারা তা থেকে ফিরে আসে ও আল্লাহ তা'আলার কাছে তওবা করে [তাহলে তো ভালো কথা]।

অন্যথায় তারা দ্বীন থেকে বের হয়ে যাবে, যদি কুফরকে সম্মানের চোখে দেখে তাহলে মুরতাদ বলে পরিগণিত হবে আর তাদের ক্ষেত্রে মুরতাদের বিধান বাস্তবায়িত হবে। অনেক আয়াত ও হাদীস স্পষ্ট এ কথা প্রমাণ করে যে উল্লেখিত ব্যক্তির ঈমান নেই। আল্লাহ তা'আলা বলেন:

আর যারা ঈমান এনেছে আল্লাহ হলেন তাদের অভিভাবক, তিনি তাদেরকে আঁধার থেকে আলোর পথে নিয়ে যান। আর যারা কুফরী করে তাদের অভিভাবক হচ্ছে তাগূত। তারা তাদেরকে আলো থেকে বের করে অন্ধকারের দিকে নিয়ে যায়। [সূরা আল-বাক্বারা: ২৫৭]

আয়াতটির দাবী হচ্ছে মানুষ দু'ধরনের: যারা ঈমান এনেছে তাদের অভিভাবক আল্লাহ রাব্বুল আলামীন, তিনি ব্যতীত অন্য কেউ নন। আল্লাহ ও রাসূল ব্যতীত তাদের কোন অভিভাবক নেই। আল্লাহ তা'আলাই হলেন আমাদের মাওলা আর তাদের কোন মাওলা নেই। আর যারা কুফরী করেছে তাদের অভিভাবক হলো তাগূত। মধ্যখানে অন্য কিছু বিদ্যমান নেই। সুতরাং যে আল্লাহকে ব্যতিরেকে তাগূতকে অভিভাবক রূপে গ্রহণ করলো সে স্পষ্ট ক্ষতিতে নিপতিত হলো এবং মহা ভুল করলো।

হয়তো আল্লাহর বন্ধু নয়ত শয়তানের দোস্ত। কোন ধরনের অংশীদারিত্ব একেবারেই গ্রহণযোগ্য নয়। যেমনটি উল্লেখিত আয়াত প্রমাণ করে। আল্লাহ তা'আলা আরো বলেন, **কিন্তু না! আপনার রবের কসম, তারা ঈমানদার হবে না, যতক্ষণ না তাদের মধ্যে সৃষ্ট বিবাদের ব্যাপারে আপনাকে বিচারক নির্ধারণ করে, অতঃপর আপনি যে ফয়সালা দেন সে ব্যাপারে নিজেদের অন্তরে কোন দ্বিধা-সংকোচ অনুভব না করে এবং পূর্ণরূপে আত্মসমর্পণ করে। [সূরা নিসা: ৬৫]**

আল্লাহ তা'আলা বিধান দিয়েছেন আমরা যাতে কোনভাবেই কাফেরদের সাথে বন্ধুত্ব না করি। যে ব্যক্তি আল্লাহ প্রদত্ত বিধানের বিরোধীতা করে তার মাঝে কিভাবে ঈমান বিদ্যমান থাকে? আল্লাহ তা'আলা তার ঈমান শূন্যতার ঘোষণা দিয়েছেন, সর্বাধিক গুরুত্ব দিয়ে শূন্যতার এ ঘোষণাকে নিশ্চিত করেছেন অতঃপর এ ব্যাপারে [নিজ সত্তার] শপথ করেছেন। সুতরাং বিষয়টি অনুধাবন করো। [আস সাইফুল বাত্তার, পৃ:৭]

৪. আল্লামা জামালুদ্দীন কাসিমী (রহঃ) এর ফতওয়া:

জামালুদ্দীন কাসিমী (রহঃ) স্বীয় তাফসীর গ্রন্থে উল্লেখ করেন:

وَمَنْ يَتَوَلَّهُمْ مِنْكُمْ فَإِنَّهُ مِنْهُمْ فَإِنَّهُ مِنْهُمْ: أي من جملتهم، وحكمه حكمهم، وإن زعم أنه مخالف لهم في الدين.[تفسيره 240/6]

"আর তোমাদের মধ্য থেকে যে তাদের সাথে বন্ধুত্ব করবে, নিশ্চয়ই সে তাদেরই একজন" অর্থাৎ সে তাদেরই দলভূক্ত, তাদের যা হুকুম তারও একই হুকুম, যদিও বা মুখে দাবী করে সে দ্বীনের ক্ষেত্রে তাদের বিরোধী। [মাহাসীনুত তা'বীল, খন্ড:৬, পৃষ্ঠা:২৪০]

ফিক্বহে মালিকি:

১. আল্লামা কুরতুবী (রহঃ) এর ফতওয়া:

মহান আল্লাহ তা'আলা বলেন:

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لا تَتَّخِذُوا الْيَهُودَ وَالنَّصَارَى أَوْلِيَاءَ بَعْضُهُمْ أَوْلِيَاءُ بَعْضٍ وَمَنْ يَتَوَلَّهُمْ مِنْكُمْ فَإِنَّهُ مِنْهُمْ إِنَّ اللَّهَ لا يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ

হে মুমিনগণ, তোমরা ইহুদী ও নাসারাদেরকে বন্ধুরূপে গ্রহণ করো না। তারা একে অপরের বন্ধু। আর তোমাদের মধ্যে যে তাদের সাথে বন্ধুত্ব করবে, নিশ্চয়ই সে তাদেরই একজন। নিশ্চয়ই আল্লাহ যালিম সম্প্রদায়কে হিদায়াত দেন না। [সূরা মায়িদাহ্: ৫১]

এই আয়াতের ব্যাখ্যায় আল্লামা কুরতুবী (রহঃ) বলেন:

[ومن يتولهم منكم] أي يعضدهم على المسلمين [فإنه منهم] بين تعالى أن حكمه كحكمهم، وهو يمنع إثبات الميراث للمسلم من المرتد، وكان الذي تولاهم ابن أبي ثم هذا الحكم باق إلى يوم القيامة في قطع الموالاة،

وقد قال تعالى: " ولا تركنوا إلى الذين ظلموا فتمسكم النار " [هود: 113]

وقال تعالى في آل عمران ": " لا يتخذ المؤمنون الكافرين أولياء من دون المؤمنين " [آل عمران: 28]

وقال تعالى: " لا تتخذوا بطانة من دونكم " [آل عمران: 118] وقد مضى القول فيه.

وقيل: إن معنى " بعضهم أولياء بعض " أي في النصرة " ومن يتولهم منكم فإنه منهم " شرط وجوابه، أي لانه قد خالف الله تعالى ورسوله كما خالفوا، ووجبت معاداته كما وجبت معاداتهم، ووجبت له النار كما وجبت لهم، فصار منهم أي من أصحابهم.

"আর তোমাদের মধ্য থেকে যে তাদের সাথে বন্ধুত্ব করবে" - অর্থাৎ মুসলমানদের বিরুদ্ধে তাদেরকে সাহায্য করবে, "নিশ্চয়ই সে তাদেরই একজন" - আল্লাহ তা'আলা স্পষ্টভাবে বর্ণনা করেছেন তাদের যেই হুকুম তারও ঐ একই হুকুম। এই আয়াতটি মুসলমানের জন্য মুরতাদের মিরাছ তথা উত্তরাধিকার নিষিদ্ধ ঘোষণা করে। যে ব্যক্তি ইহুদী-খ্রিষ্টানদেরকে ভালবেসেছিল, সে হলো ইবনে উবাই, তবে বন্ধুত্ব ছিন্নের ক্ষেত্রে এই হুকুমটি কিয়ামত পর্যন্ত অবধারিত হয়ে গেছে।

আল্লাহ তা'আলা বলেন: আর যারা যুলুম করেছে তোমরা তাদের প্রতি ঝুঁকে পড়ো না, অন্যথায় আগুন তোমাদেরকে স্পর্শ করবে। [সূরা হূদ: ১১৩]

তিনি আরো বলেন: মুমিনরা যেন মুমিনদের ছাড়া কাফিরদেরকে বন্ধু না বানায়। [সূরা আলে ইমরান: ২৮]

তিনি আরো বলেন: তোমাদের ছাড়া অন্য কাউকে অন্তরঙ্গ বন্ধুরূপে গ্রহণ করো না।। [সূরা আলে ইমরান: ১১৮]

এ ব্যাপারে পূর্বে আলোচনা করা হয়েছে।

বলা হয় **"তারা একে অপরের বন্ধু"** এর দ্বারা উদ্দেশ্য হলো [পরস্পরকে] সাহায্যের ক্ষেত্রে।

"আর তোমাদের মধ্য থেকে যে তাদের সাথে বন্ধুত্ব করবে, নিশ্চয়ই সে তাদেরই একজন।" শর্ত ও তার জবাব। অর্থাৎ তারা যেভাবে আল্লাহ ও তাঁর রাসূলের বিরোধীতা করেছে সেও অনুরূপ আল্লাহ ও তাঁর রাসূলের বিরোধীতা করেছে। তাই যেভাবে তাদের সাথে শত্রুতা রাখা ওয়াজিব, একইভাবে তার সাথেও শত্রুতা রাখা ওয়াজিব। তাদের অনুরূপ তার জন্যও জাহান্নাম ওয়াজিব। সুতরাং সে তাদের মধ্য থেকেই হবে। অর্থাৎ তাদের অনুসারীদের মধ্য থেকেই হবে। [তাফসীরে কুরতুবী, খন্ড:৬, পৃষ্ঠা: ২১৭]

২. আল্লামা আহমাদ বিন ইয়াহ্ইয়া আল-ওয়ানশারিসী (রহঃ) এর ফতওয়া:

وأما مقتحموا نقيضه [أي الجهاد] بمعاونة أوليائهم على المسلمين ؛ إما بالنفوس وإما بالأموال فيصيرون حينئذ حربيين مع المشركين ، وحسبك من هذا مناقضة وضلالا]-النوازل الكبرى[

আর যারা জান অথবা মাল দিয়ে নিজের বন্ধুদের সাহায্যের মাধ্যমে জিহাদের বিপরীত দিকে অবস্থান নেয়, মুশরিকদের সাথে সাথে তারাও হারবী বলে গণ্য হবে। এর দ্বারাই আপনি তাদের ভ্রষ্টতা ও ভ্রান্তি বুঝতে সক্ষম হয়েছেন। [দেখুন: আন-নাওাযিলুল কুবরা, খন্ডা:১, পৃষ্ঠা: ৯৪-৯৯]

[وُلد حامل لواء المذهب المالكي على رأس المائة التاسعة، العلامة الفقيه أحمد بن يحي الونشريسي، حوالي سنة 834هـ - 1430م / 914هـ - 1509م بمنطقة الحجالوة موطنه الأصلي[بلدية الأزهرية حالياً]، الكائنة بجبال الونشريس بولاية تيسمسيلت].

৩. আল্লামা তাসূলী (রহঃ) এর ফতওয়া:

আল্লামা তাসূলী (রহঃ) কে আমীর আব্দুল কাদের আল জাযায়িরী এমন ব্যক্তিদের সম্পর্কে জিজ্ঞাসা করেছিলেন, যারা ফরাসীদের সাথে সম্পর্ক রাখে, তাদের সাথে ব্যবসা করে, তাদেরকে ঘোড়া প্রদান করে, মুসলমানদের দুর্বল দিকগুলো সম্পর্কে তাদেরকে অবহিত করে, এমন ব্যক্তিদের জান ও মালের হুকুম কি?

প্রত্যুত্তরে তিনি বলেন:

أولئك العملاء إذا أظهروا الميل للعدو الكافر وتعصبوا به ، فيقاتلون قتال الكفار ومالهم فيء

এ সমস্ত কর্মকর্তারা যখন কাফের শত্রুদের প্রতি অনুরাগ প্রকাশ করবে, তাদের পক্ষপাতিত্ব করবে, কাফের হিসেবেই তাদের বিরুদ্ধে যুদ্ধ করা হবে, আর তাদের সম্পদসমূহ হবে মালে ফাঈ।

এরপর তিনি ফুক্বাহাগণের বিভিন্ন ফতওয়া উল্লেখ করেন যে, এমন গোত্রের বিরুদ্ধে যুদ্ধ আবশ্যক যারা ডাকাতি করে। মুসলমানদের মাল লুট করে। যুদ্ধের সাথে সম্পৃক্ত এ ধরনের নানা কাজ আন্জাম দেয়। সর্বশেষে তিনি উল্লেখ করেন:

وإذا كان يقاتل من أراد إفساد الكروم وغابة الزيتون فكيف بمن يريد إفساد الدين بالكتم على الجواسيس ، ونقل الأخبار ، ومبايعة الكفار ، فهم أسوأ حالا من المحاربين ، لأنهم تولوا الكفار ، ومن تولى الكفار فهو منهم]- الفتاوى الفقهية في أهم القضايا من عهد السعديين إلى ما قبل الحماية[

যখন এমন ব্যক্তিদের বিরুদ্ধে যুদ্ধ করতে হয়, যারা আঙ্গুর বৃক্ষ এবং জলপাই বন ধ্বংসের ইচ্ছা করে, তাহলে তাদের ব্যাপারে কি হতে পারে, যারা দ্বীন ধ্বংসের চক্রান্ত করে। গোপনে গোয়েন্দাগিরি করে। [শত্রুদের নিকট] সংবাদ পৌঁছে দেয়। তাদের সাথে ব্যবসা করে। নিশ্চয়ই তারা যোদ্ধাদের চেয়েও নিকৃষ্ট। কেননা এরা কাফেরদের সাথে বন্ধুত্ব স্থাপন করেছে। আর যে কাফেরদের সাথে বন্ধুত্ব স্থাপন করে, সে তাদেরই একজন বলে বিবেচিত হয়। [আল-ফাতাওয়াল ফিকহিয়্যা ফী আহাম্মিল কাদাইয়া, পৃষ্ঠা:২৩২]

৪. উস্তায হাসান আইয়ুবী (রহঃ) এর ফতওয়া:

উস্তায হাসান আইয়ুবী (রহঃ) উপরোক্ত আল্লামা তাসূলী (রহঃ) এর ফতওয়াটি নিজ কিতাবে উল্লেখ করার পর এর সাথে যোগ করেন:

وهو حكم صائب ، فإذا كان الفقهاء قد رأوا قتل الجاسوس وهو الذين يعين الأعداء بنقل أخبار المسلمين إليهم وإذا كان الإمام الونشريسي قد أفتى بأن مجرد الدعاء للكفرة بالبقاء وطول المدى " علم على ردة الداعي وإلحاده وفساد سريرته واعتقاده ، لما تضمنه من الرضى بالكفر ، والرضى بالكفر كفر" فكيف بمن يحمل السلاح إلى جانبهم ، ويدافع عنهم ، ويقتل إخوانه المسلمين ، ويفعل بهم ما يفعله الأعداء من أسر ونهب ، وفوق ذلك يمكن الكفار من التسلط على أراضي المسلمين]- الفتاوى الفقهية في أهم القضايا من عهد السعديين إلى ما قبل الحماية[

এই হুকুমটি সঠিক। কেননা ফুক্কাহাগণ গোয়েন্দা হত্যার পক্ষে মত দিয়েছেন, যে মুসলমানদের সংবাদ শত্রুদের নিকট পৌঁছিয়ে তাদেরকে সাহায্য করে। **ইমাম ওয়ানশারিসী (রহঃ) ফতওয়া দিয়েছেন:** "শুধুমাত্র কেউ যদি কুফ্ফারদের অবস্থান ও তাদের দীর্ঘ সময় থেকে যাওয়ার জন্য আহ্বান করে তাহলেই বুঝতে পারা যাবে উক্ত আহ্বানকারী ব্যক্তি দ্বীন ত্যাগ করে মুরতাদ হয়ে গেছে, এবং এটাও বুঝতে পারা যাবে তার আক্বীদা ও আন্তরিক বিশ্বাস নষ্ট হয়ে গেছে। কেননা এটি তার কুফরীর প্রতি সন্তুষ্টিকে ধারণ করে। আর কুফরীর প্রতি সন্তুষ্টিও কুফরী।"

তাহলে এমন ব্যক্তির হুকুম কি হতে পারে! যে অস্ত্র নিয়ে তাদের পাশে দাঁড়ায়। তাদেরকে রক্ষা করে। নিজ মুসলমান ভাইদেরকে হত্যা করে। শত্রুদের সাথে মিলে সেও তাদের মতই আচরণ করে। মুসলমানদেরকে বন্দী করে ও তাদের সম্পদ লুট করে। এগুলোর উপর ভর করেই কুফ্ফারদের জন্য মুসলমান ও তাদের ভূখন্ডগুলোতে আক্রমণ সম্ভবপর হয়। [আল-ফাতাওয়াল ফিকহিয়্যা ফী আহাম্মিল কাদাইয়া, পৃষ্ঠা:২৩২]

৫. আল্লামা শানক্বীতি (রহঃ) এর ফতওয়া:

আল্লামা শানক্বীতি (রহঃ) বলেন:

قوله تعالى: {وَمَنْ يَتَوَلَّهُمْ مِنْكُمْ فَإِنَّهُ مِنْهُمْ}، ذكر في هذه الآية الكريمة، أن من تولى اليهود، والنصارى، من المسلمين، فإنه يكون منهم بتوليه إياهم, وبين في موضع آخر أن توليهم موجب لسخط الله، والخلود في عذابه، وأن متوليهم لو كان مؤمناً ما تولاهم -

আল্লাহ তা'আলার বাণী: **"আর তোমাদের মধ্য থেকে যে তাদের সাথে বন্ধুত্ব করবে, নিশ্চয়ই সে তাদেরই একজন"** এই পবিত্র আয়াতে উল্লেখিত হয়েছে, যে মুসলমান ইহুদী-নাসারাদেরকে বন্ধুরূপে গ্রহণ করবে, তাদের সাথে বন্ধুত্বের কারণে তাকে তাদের মাঝেই গণ্য করা হবে। অপর স্থানে এসেছে তাদের সাথে বন্ধুত্ব আল্লাহর ক্রোধকে আবশ্যক করে শাস্তিকে স্থায়ী করে। কেননা তাদের সাথে বন্ধুত্ব স্থাপনকারী যদি মুমিন হতো, তাহলে তাদের সাথে বন্ধুত্ব করতো না।

এর পর শায়েখ এ সংক্রান্ত অন্যান্য আয়াতগুলো উল্লেখ করার পর বলেন:

وَيُفْهَمُ مِنْ ظَوَاهِرِ هَذِهِ الْآيَاتِ أَنَّ مَنْ تَوَلَّى الْكُفَّارَ عَمْدًا اخْتِيَارًا ، رَغْبَةً فِيهِمْ أَنَّهُ كَافِرٌ مِثْلُهُمْ .

এ আয়াতগুলোর বাহ্যিক দিকগুলো থেকে বুঝে আসে, যে ব্যক্তি ইচ্ছাকৃতভাবে কাফেরদের প্রতি আগ্রহী হয়ে তাদের সাথে বন্ধুত্ব করবে সে তাদের মতই কাফের।

ফিক্বহে হাম্বলী

১. আল্লামা ইবনে তাইমিয়া (রহঃ) এর ফতওয়া:

যে সমস্ত ব্যক্তি মুসলমান ও তাতারদের মাঝে সংঘটিত যুদ্ধে তাতারদের পক্ষ গ্রহণ করেছিল, তাদেরকে সাহায্য করেছিল, তাদের মুরতাদ হওয়ার ব্যাপারে ইবনে তাইমিয়া (রহঃ) ফতওয়া প্রদান করেন:

وكل من قفز إليهم من أمراء العسكر وغير الامراء فحكمه حكمهم، وفيهم من الردة عن شرائع الإسلام بقدر ما ارتد عنه من شرائع الإسلام ، وإذ كان السلف قد سموا مانعي الزكاة مرتدين مع كونهم يصومون ويصلون ولم يكونوا يقاتلون جماعة المسلمين، فكيف بمن صار مع أعداء الله ورسوله قاتلاً للمسلمين- [الفتاوى الكبرى]

